

সরকার শিক্ষকদের কল্যাণে কাজ করছে

— শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
■ করিমগঞ্জ (কিশোরগঞ্জ) প্রতিনিধি
শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
আর্ডভোকেট মুজিবুল হক চুন্নু এমপি
বলেছেন, বর্তমান সরকার
শিক্ষকবান্ধব। শিক্ষকদের কল্যাণে
প্রধানমন্ত্রী নিরলস পরিশ্রম করছেন।
স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের
নতুন পেন্সনের আওতায় এনে তা
বাস্তবায়নের জন্য সরকার চিন্তা-ভাবনা
করছে। গুজবের করিমগঞ্জ পাইলট
বালিকা উচ্চ বিদ্যালয়ে উপজেলা
মাধ্যমিক শিক্ষক-কর্মচারী কল্যাণ
সমিতির বার্ষিক সাধারণ সভায় প্রধান
অতিথির বক্তব্যে তিনি এসব কথা
বলেন। মতিউর রহমানের সভাপতিত্বে
বক্তৃতা করেন ইউএনও আবুল কাশেম
মোহাম্মদ শাহীন, কবীর উদ্দিন মিল্কী,
এবি সিদ্দিক, আবু বাক্কার হিদ্দিক
তুইয়া, জমসেদ আলী প্রমুখ।